

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-স্বাপকম/প্রবা-১/অগ্রিম-২/২০১২ (অংশ-১)-৬৫৬

তারিখঃ ২২.১০.২০১৩ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) এর অনুকূলে Specialized Overseas Training (Hands on Training) Expert will come from abroad বাস্তবায়নের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ অনুযায়ী জিওবি খাতে ১ম কিস্তিতে ছাড়কৃত ১৫০.০০ লক্ষ টাকা হতে ২৪,৯৮,৯৫০.০০ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার নয়শত পঞ্চাশ ) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ অনুযায়ী জিওবি খাতে ১ম কিস্তিতে ছাড়কৃত ১৫০.০০ লক্ষ টাকা হতে Specialized Overseas Training (Hands on Training) Expert will come from abroad বাস্তবায়নের জন্য ৪৮৪০ কোডে ২৪,৯৮,৯৫০.০০ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার নয়শত পঞ্চাশ) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে;
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঙ) কতজন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হবে তা ক্যাটাগরি অনুযায়ী সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক প্রশিক্ষণার্থীদের তালিকা এবং সুনির্দিষ্টভাবে প্রণয়নকৃত বিস্তারিত ট্রেনিং প্লান প্রেরণ করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫১৫০-৪৮৪০ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।



(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৪৫৯৫৫৩

[saspil@mohfw.gov.bd](mailto:saspil@mohfw.gov.bd)

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য




নং-স্বাপকম/প্রবা-১/অগ্রিম-২/২০১২ (অংশ-১)-৬৫৬/১(৯)

তারিখঃ ২২.১০.২০১৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব ( প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান ( পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব